# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০২৪

৬. কুরবানী অধ্যায় (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ২০. মৃত জন্তুর চামড়া হতে উপকৃত হওয়া

بَاب الِاسْتِمْتَاعِ بِجُلُودِ الْمَيْتَةِ

## আরবী

حَدَّثَنَا يَعْلَى عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَقَ عَنْ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَعْلَةَ قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ عَنْ جُلُودِ الْمَيْتَةِ فَقَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دِبَاغُهَا طَهُورُهَا قِيلَ لِأَبِي مُحَمَّدٍ عَبْدِ اللَّهِ تَقُولُ بِهَذَا قَالَ نَعَمْ إِذَا كَانَ يُؤْكَلُ لَحْمُهُ

## বাংলা

২০২৪. আব্দুর রহমান্ ইবনু ওয়া’লা বলেন, আমি ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুকে মৃত জন্তুর চামড়া (ব্যবহার করা) সম্পর্কে জিজ্ঞাসা করলাম। তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “(চামড়া) পাকা করাই এর পবিত্র হওয়া।”[1] আবূ মুহাম্মদ আব্দুল্লাহ কে জিজ্ঞাসা করা হলো, এটি আপনার মত কি? তিনি বললেন: হাঁ, যখন এর মাংস খাওয়া হবে।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর রাবীগণ বিশ্বস্ত। তবে ইবনু ইসহাক এটি ‘আন আন’ পদ্ধতিতে বর্ণনা করেছেন, আর তিনি মুদাল্লিস।

তাখরীজ: ইবনু আব্দুল বারর, তামহীদ ৪/১৭৪;

তবে হাদীসটি সহীহ। আর সেটি পূর্বের হাদীসটির পুনরাবৃত্তি। আরও দেখুন, সহীহ ইবনু হিব্বান নং ১২৯০ এবং মাওয়ারিদুয যাম’আন নং ১২৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82307

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন